

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খুলনা পলিটেকনিক ইনস্টিটিউট, খুলনা-৯০০০

সিটিজেন চার্টার

কার্যক্রম	বিবরণ	সংশ্লিষ্ট কর্মকর্তা
একাডেমিক	<p>০১. ছাত্র-ছাত্রী ও অভিভাবকদের সচেতনতার জন্য ভর্তির প্রচারণা এবং হেল্প ডেস্কের ব্যবস্থা করা হয়।</p> <p>০২. ভর্তি সংক্রান্ত স্থানীয় কার্যক্রম সম্পন্ন করা হয়।</p> <p>০৩. ছাত্র/ছাত্রীদের আইডি কার্ড (পরিচয়পত্র) প্রদান করা হয়।</p> <p>০৪. প্রত্যয়নপত্র প্রদান করা হয়।</p> <p>০৫. বোর্ড নির্ধারিত বিভিন্ন ফি শিওর ক্যাশের মাধ্যমে গ্রহণ করা হয়।</p> <p>০৬. ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বৃত্তির/ভাতার টাকা ব্যাংক একাউন্টের মাধ্যমে প্রদান করা হয়।</p> <p>০৭. STEP প্রকল্পের আওতায় গরীব মেধাবী ছাত্রদের এবং সকল ছাত্রীদের মাসিক ৮০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হয়।</p> <p>০৮. পর্ব ভিত্তিক ৬৫% শিক্ষার্থীকে ১৬৫০/-টাকাসরকারি মেধাবৃত্তি প্রদান করা হয়।</p> <p>০৯. ৮ম পর্বের সকল ছাত্র/ছাত্রীকে শিল্প কারখানায় বাস্তব প্রশিক্ষণ ভাতা ১২০০০/- টাকা প্রদান করা হয়।</p> <p>১০. ছাত্র/ছাত্রীদের নিয়মিত গাইডেন্স ও কাউন্সেলিং করা হয়।</p> <p>১১. শিল্পকারখানার সাথে সম্পর্ক উন্নয়নের মাধ্যমে পাশ করা ছাত্র-ছাত্রীদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা হয়।</p> <p>১২. জব প্লেসমেন্ট সেলের মাধ্যমে পাশ করা ছাত্র-ছাত্রীদের ডাটাবেজ তৈরি করে চাকুরী প্রাপ্তিতে সহযোগিতা প্রদান করা হয়।</p> <p>১৩. বিভিন্ন পর্যায়ে স্কিল কম্পিটিশনে ছাত্র-ছাত্রীদেরকে অংশগ্রহণে সহযোগিতা প্রদান করা হয়।</p> <p>১৪. ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন/প্রবেশপত্র/নম্বরপত্র/সনদের ভুল সংশোধনের প্রক্রিয়াকরণ করা হয়।</p> <p>১৫. ছাত্র-ছাত্রীদের শুদ্ধাচার সম্পর্কিত শিক্ষা প্রদান করা হয়।</p> <p>১৬. ছাত্র-ছাত্রীদের জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ সম্পর্কে সচেতন করা হয়।</p> <p>১৭. ছাত্র-ছাত্রীদের কর্মক্ষেত্রে নিরাপত্তা ও স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি করা হয়।</p> <p>১৮. রেজিস্টার্ড ট্রেনিং অর্গানাইজেশন (RTO)এর মাধ্যমে দক্ষতার মূল্যায়ন ও প্রাতিষ্ঠানিক স্বীকৃতি প্রদান করা হয়।</p> <p>১৯. অন-লাইনে পর্ব সমাপনী পরীক্ষার ফরম পূরণ করানো হয়।</p> <p>২০. সকল পর্বের ছাত্র-ছাত্রীদের ফলাফল, নম্বর পত্র ও সনদপত্র সংরক্ষণ এবং বিতরণ করা হয়।</p>	<p>বিভাগীয় প্রধানগণ ও রেজিস্ট্রার সেকশন।</p>
প্রশাসনিক	<p>১. অভিযোগ গ্রহণ এবং নিষ্পত্তি করা হয়।</p> <p>২. ছাত্র-ছাত্রী ও অভিভাবকবৃন্দের সাথে অধ্যক্ষ মহোদয়ের সাক্ষাৎকার এর সুযোগ আছে।</p> <p>৩. দরপত্রের বিজ্ঞপ্তি প্রদান, দরপত্র দলিল প্রস্তুতি, বিতরণ, জমাগ্রহণ ও মূল্যায়ন করা হয়।</p> <p>৪. স্থানীয় প্রশাসন, জন প্রতিনিধি ও গণ্যমান্য ব্যক্তিবর্গের সাথে যোগাযোগ এবং নিয়মিতভাবে মতবিনিময় করা হয়।</p> <p>৫. স্থানীয় শিল্পকারখানার সাথে সার্বক্ষণিক যোগাযোগ, মতবিনিময় ও আধুনিক টেকনোলজি সম্পর্কে পরামর্শ গ্রহণ করা হয়।</p> <p>৬. প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও ফেসবুকের মাধ্যমে বিভিন্ন তথ্যাদি প্রকাশ করা হয়।</p>	<p>অধ্যক্ষ, বিভাগীয়প্রধান, সংশ্লিষ্ট কমিটি ও ট্রোর কিপার।</p>
সহশিক্ষা	<p>০১. ছাত্র-ছাত্রীদের দেশের মহান মুক্তিযুদ্ধের চেতনা সমৃদ্ধ ইতিহাস, ঐতিহ্য ও জাতীয় সংস্কৃতির সংরক্ষণ ও লালন করার লক্ষ্যে যথাযোগ্য মর্যাদার সাথে বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়।</p> <p>০২. বিভিন্ন সামাজিক ও ধর্মীয় অনুষ্ঠান পরিচালনা, রক্তদান ও বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়।</p> <p>০৩. ছাত্র-ছাত্রীদের শিল্প-কারখানায় শিক্ষা সফর করানো হয়।</p> <p>০৪. বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়।</p> <p>০৫. বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।</p> <p>০৬. ম্যাগাজিন প্রকাশনার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সৃজনশীলতার বিকাশ ঘটানোর চেষ্টা করা হয়।</p> <p>০৭. ছাত্র-ছাত্রী, অভিভাবক ও শিক্ষক-কর্মচারী সমন্বয়ে মতবিনিময়ের মাধ্যমে কারিগরি শিক্ষার উন্নতির লক্ষ্যে অভিভাবক দিবস পালন করা হয়।</p> <p>০৮. ছাত্র-ছাত্রীদের জন্য সার্বক্ষণিক লাইব্রেরী (বই এবং পত্রিকা পড়া) সুবিধা রয়েছে।</p> <p>০৯. ছাত্র-ছাত্রীদের পরিষ্কার পরিচ্ছন্নতা এবং নিরাপত্তা সম্পর্কিত কাজে অংশ গ্রহণ করানো হয়।</p> <p>১০. বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস উপলক্ষে আয়োজিত বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ও আলোচনা অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের সক্রিয় অংশ গ্রহণ নিশ্চিত করা হয়।</p> <p>১১. ছাত্র-ছাত্রীদের বিএনসিসি, রোভার স্কাউট ও গার্লস গাইড দলে সক্রিয় অংশ গ্রহণ নিশ্চিত করা হয়।</p> <p>১২. কারিগরি শিক্ষার প্রচার, প্রসার, গণসচেতনতা তৈরি ও শিল্প কারখানার সাথে সম্পর্ক সৃষ্টির মাধ্যমে ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ এবং পাশ করার পর চাকুরী প্রাপ্তির উদ্দেশ্যে সেমিনার, মতবিনিময় সভা ও জব ফেয়ারের আয়োজন করা হয়।</p>	<p>অধ্যক্ষ, বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীবৃন্দ এবং ছাত্র-ছাত্রী।</p>